

# কলেজ শিক্ষকরা রাজনীতিতে জড়িত হলে গভর্নিং বডি ভেঙ্গে দেওয়া হবে : জাবি উপাচার্য

নিজস্ব প্রতিবেদক

১০ ফেব্রুয়ারি, ২০২৫  
২০:১৯

শেয়ার

অ +

অ -



জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ ছবি : সংযুক্ত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষকরা কোনো ধরনের রাজনীতির চর্চা ও দলাদলিতে জড়িত হলে  
গভর্নিং বডি ভেঙ্গে দেওয়া হবে বলে জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম

আমানুল্লাহ। কলেজগুলোতে মৰ জাস্টিস তৈরি কৱে কলেজ অধ্যক্ষকে চেয়ার থেকে টেনে নামানোৱ অপসংকৃতিৰ চৰ্চা আৱ কৱতে দেওয়া হবে না বলেও সতৰ্কবাণী উচ্চারণ কৱেন তিনি।

সোমবাৰ (১০ ফেব্ৰুৱাৰি) সকাল ১১টায় জাতীয় বিশ্ববিদ্যালয়েৱ সিনেট হলে কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্ৰজেক্ট (সিইডিপি)-এৱ আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়েৱ তত্ত্বাবধানে অধিভুক্ত কলেজেৱ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তৰ পৰ্যায়েৱ বিষয়ভিত্তিক শিক্ষক প্ৰশিক্ষণার্থীদেৱ (৪৩ থেকে ৪৪ তম ব্যাচ) হাতে সনদপত্ৰ ও ট্যাব বিতৱণ অনুষ্ঠানে প্ৰধান অতিথিৰ বক্তৃব্যে এ কথা বলেন অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ।

পাশাপাশি শিক্ষকদেৱ সামাজিক মৰ্যাদা অক্ষুণ্ণ রাখতে শিক্ষার্থীদেৱ সজাগ থাকাৱও আহ্বান জানান তিনি।

জাৰি উপাচাৰ্য বলেন, ‘পিজিডি কোৰ্স, সায়েন্স অ্যান্ড টেকনোলজি কোৰ্স, আইসিটি, সফট ক্ষিল এবং হার্ড ক্ষিল, ট্ৰেড কোৰ্সসহ এ ধৰনেৱ বাস্তবমুখী শিক্ষা সম্প্ৰসাৱণে জাতীয় বিশ্ববিদ্যালয় উদ্যোগ গ্ৰহণ কৱেছে। কলেজগুলোতে এ ধৰনেৱ কোৰ্স অধিভুক্তি চাইলে জাতীয় বিশ্ববিদ্যালয় সাৰ্বিক সহযোগিতা কৱবে।’

তিনি আৱো বলেন, ‘কলেজ মনিটৱিং এ বছৰ থেকে শুৱ কৱতে যাচ্ছি এবং অধিভুক্তি সব কলেজকে জৰাবদিহিৰ আওতায় আনতে শিগগিৱই জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে নিৱৰ্ক্ষাৱ ব্যবস্থা গ্ৰহণ কৱা হবে। রাজনীতিমুক্ত শিক্ষার পৱিবেশ নিশ্চিত কৱতে আগামী এপ্ৰিলে অনুষ্ঠিত হতে যাওয়া অধ্যক্ষ সম্মেলনেৱ মাধ্যমে অধিভুক্তি সব কলেজে নতুন বাৰ্তা পৌছাতে চায় জাতীয় বিশ্ববিদ্যালয় প্ৰশাসন।

এ লক্ষ্যকে সামনে রেখে মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে সব ধরনের উদ্যোগ ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে।'

এ ছাড়া তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, 'ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি এবং মনোযোগ বৃদ্ধি নিশ্চিত করতে কারিকুলাম সংস্কার, কলেজ মনিটরিং এর ব্যবস্থাসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।'

অ্যাসাইনমেন্টের নামে কলেজে এখন যা হচ্ছে, তা গ্রহণযোগ্য নয়। এ ধরনের কার্যক্রম থেকে শিক্ষকদের বিরত থাকার আহ্বান জানান।

তিনি শিক্ষকদের প্রশিক্ষণ, গবেষণা ও অন্যান্য কাজে সম্পৃক্ততা বাড়াতে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. ফরিদ রফিকুল আলম, উপাচার্যের দপ্তরের পরিচালক ও সচিব আমিনুল আক্তার এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠান পরিচালনা করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক সালমা পারভীন।